

ব্ৰেকিং:

সলছে: প্রধানমন্ত্রী অনিৰ্বাচিত সরকারের সময় ক্ষতি হয় দেশের মানুষের:প্রধানমন্ত্রী পঞ্চদশ সংশোধনী গণতন্ত্রকে শক্তি

বুধবার ০৮ ফেব্রুয়ারি ২০২৩ || মাঘ ২৬ ১৪২৯ || ১৬ রজব ১৪৪৪

Search



www.DainikBandarban.com



সর্বশেষ:

সলছে: প্রধানমন্ত্রী অনিৰ্বাচিত সরকারের সময় ক্ষতি হয় দেশের মানুষের:প্রধানমন্ত্রী পঞ্চদশ সংশোধনী গণতন্ত্রকে শক্তি

হোম / বান্দরবান

বান্দরবানে কলাগাছ থেকে সুতা তৈরির উদ্ভাবনী প্রকল্পের যাত্রা শুরু

দৈনিক বান্দরবান

প্রকাশিত: ১৩ ডিসেম্বর ২০২১



বান্দরবানে কলাগাছ থেকে সুতা তৈরির উদ্ভাবনী প্রকল্পের উদ্বোধন ও একদিনের প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। সকালে বান্দরবানের কুহালং ইউনিয়নের ক্রাউ আমতলী পাড়াতে এই সুতা তৈরির উদ্ভাবনী প্রকল্পের উদ্বোধন করা হয়।

বান্দরবানের জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কলাগাছ থেকে সুতা তৈরির উদ্ভাবনী প্রকল্পের প্রশিক্ষণ কর্মসূচী এবং উদ্ভাবনী প্রকল্পের উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ কায়েসুর রহমান, চেম্বী মৌজার হেডম্যান পুলু প্রু, কুহালং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সানু প্রু মারমা, বান্দরবান প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিনুল ইসলাম বাচ্চু, লার্ক গ্লোবাল লি: এর চেয়ারম্যান সায়েদ মুস্তফা জাবেদ, বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাউসের নির্বাহী পরিচালক চাই সিং মং, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এর উপ পরিচালক মঞ্জু মারিয়া পালমা সহ ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, গ্রাউস এর কর্মকর্তা ও পাড়াবাসীরা উপস্থিত ছিলেন।

প্রাথমিক পর্যায়ে প্রথমদিনে বান্দরবানের ক্রাউ আমতলী পাড়া ও খামাদং পাড়ার ২০জন চাষীকে কলাগাছ থেকে সুতা তৈরির প্রক্রিয়া সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হয় এবং সুতা শুকিয়ে কিভাবে বিক্রয় করে লাভবান হওয়া যাবে তার বিস্তারিত ধারণা দেয় আয়োজকেরা। বান্দরবান জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় সুতা তৈরির প্রশিক্ষণ দেবে বেসরকারী উন্নয়ন সংস্থা ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ আর এ প্রকল্পের জন্য মেশিনসহ সার্বিক অর্থায়নে কাজ করছে বেসরকারি সংস্থা উদ্দীপন। সুতা তৈরির পর বাজারজাতকরণের সমস্ত দায়িত্ব নিয়েছে সিএইচপি এবং লার্ক গ্লোবাল লিমিটেড নামে একটি কোম্পানী।

এই উদ্ভাবনী প্রকল্পের সঠিক বাস্তবায়ন হলে বান্দরবানের অন্যান্য পাড়াগুলোতে এই প্রকল্পের কাজ শুরু হবে বলে জানান জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি। তিনি আরো জানান, ১১ডিসেম্বর থেকে ১৫ডিসেম্বর পর্যন্ত বান্দরবানের ক্রাউ আমতলীপাড়া ও খামাদং পাড়াতে প্রাথমিক প্রশিক্ষণ হবে আর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ১৬ডিসেম্বর এই প্রকল্পের আনুষ্ঠানিক যাত্রা শুরু হবে।

জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি আরো বলেন, ৫টি কলাগাছ থেকে ১কেজি সুতা উৎপাদন করা সম্ভব তাছাড়া যেসব পরিবার এ প্রকল্পে সরাসরি জড়িত থাকবে না তারা ও উৎপাদনকারীর নিকট কলাগাছ বিক্রির মাধ্যমে আর্থিকভাবে লাভবান হবে, পাশাপাশি বান্দরবানের বিভিন্ন পাড়ার জনসাধারণেরও আর্থিক অবস্থার উন্নয়ন হবে।

[bandarban](#)[Bangladesh](#)[dainikbandarban](#)[জাতীয়](#)[দৈনিক বান্দরবান](#)[বাংলাদেশ](#)[বান্দরবান](#)[সারাদেশ](#)

1

0 comments

Sort by [Oldest](#)

Add a comment...

Facebook Comments Plugin



Dainik Bandarban

507,780 likes

Like Page

Share